# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭
# বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫০ = ৫০

১. মনের একাগ্রতা বৃদ্ধি পায়—
(ক) পূজায় (খ) কীর্তনে (গ) ধ্যানে (ঘ) জপে

২. বিভিন্ন বাদ্যযন্ত্র বাজিয়ে সমবেতভাবে আমরা করি ঈশ্বরের—
(ক) ধ্যান (খ) জপ (গ) কীর্তন (ঘ) স্তুতি

৩. সাকার রূপে আমরা ঈশ্বরকে পাই—
(ক) কীর্তনে (খ) ধ্যানে (গ) পূজায় (ঘ) জপে

৪. দেবতাদের প্রশংসা, স্তুতি ও প্রার্থনা, পদ্যের ছন্দে পাওয়া যায়—
(ক) ব্রাহ্মণে (খ) গীতায় (গ) মন্ত্রে (ঘ) পুরাণে

৫. জীবাত্মা, পরমাত্মা ও নিরাকার ব্রহ্ম সম্পর্কে জানার জন্য আমরা পড়ব—
(ক) রামায়ণ (খ) উপনিষদ (গ) বেদসংহিতা (ঘ) পুরাণ

৬. স্বামী প্রণবানন্দ এর আদর্শ অনুসরণ করে তুমি করবে—
(ক) সমাজ সংস্কার (খ) মানবসেবা (গ) তীর্থযাত্রা (ঘ) ধর্ম প্রচার

৭. মানুষে মানুষে পার্থক্য করা উচিত নয়। কারণ, সকলেই—
(ক) ঈশ্বরের সৃষ্টি (খ) জগতের কল্যাণ চায়
(গ) সৃষ্টিকর্তার উপাসনা করে (ঘ) ধর্মের প্রতি স্পর্ধা প্রদর্শন করে

৮. আমরা ঈশ্বরের স্তব-স্তুতি করি—
(ক) প্রথা হিসেবে (খ) জীবন রক্ষা করতে
(গ) ভালো ফলে আশায় (ঘ) করুণা লাভের আশায়

৯. রোহিত পুষ্পাঞ্জলির সময় বিদ্যাদেবীর নিকট প্রার্থনা করে—
(ক) ধন (খ) শক্তি (গ) সুখ (ঘ) জ্ঞান

১০. বৈদিক যুগে স্বর্গ লাভের জন্য করা হত—
(ক) যাগযজ্ঞ (খ) মূর্তিপূজা (গ) নাম সংকীর্তন (ঘ) দান-দক্ষিণা

১১. তুমি কখনই কাউকে ঈর্ষা কর না, এজন্য তোমার—
(ক) ভালো লাগে (খ) আনন্দ হয় (গ) সুনাম বাড়ে (ঘ) মঙ্গল হয়

১২. আমরা ব্রহ্মজ্ঞানে সেবা করবো—
(ক) শিক্ষাগুরুকে (খ) দীক্ষাগুরুকে (গ) পিতামাতাকে (ঘ) সকল জীবকে

১৩. তুমি সকল ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধাশীল কারণ—
(ক) পুণ্যলাভের জন্য (খ) ধর্ম মানুষকে রক্ষা করে
(গ) লোকের কল্যাণের জন্য (ঘ) সকল ধর্মের মূলকথা এক

https://teachingbd24.com

১৪. জন্মভূমিকে আমরা ভালোবাসি কারণ জন্মভূমি আমাদের—
(ক) মা-এর মতো (খ) উপযুক্ত বাসস্থান
(গ) বেঁচে থাকার আশ্রয় (ঘ) স্বর্গের চেয়েও বড়

১৫. অন্যের সুখে যিনি সুখ অনুভব করেন তিনি একজন—
(ক) যত্নশীল মানুষ (খ) শ্রদ্ধাশীল মানুষ (গ) অহিংস মানুষ (ঘ) সুখী মানুষ

১৬. জীবনে মোক্ষ লাভ হয়—
(ক) নিত্যকর্মের ফলে (খ) সকাম কর্মের ফলে
(গ) প্রাতঃকর্মের ফলে (ঘ) নিষ্কাম কর্মের ফলে

১৭. ঈশ্বরের নিকট প্রার্থনার সময় তুমি নিজের মনকে প্রস্তুত কর—
(ক) সুখীভাবে (খ) শান্তভাবে (গ) দীনতারভাবে (ঘ) দুঃখীভাবে

১৮. শ্রীকৃষ্ণ ও অর্জুনের কথোপকথন বর্ণিত রয়েছে—
(ক) বেদে (খ) গীতায় (গ) চণ্ডীতে (ঘ) উপনিষদে

১৯. দেহ ও মন ভালো রাখার উপায় হলো—
(ক) বিশ্রাম (খ) শরীরচর্চা (গ) নিয়মানুবর্তিতা (ঘ) পরিমিত আহার

২০. নিত্যকর্ম বলতে বোঝায়—
(ক) দৈনন্দিন কর্ম (খ) সাপ্তাহিক কর্ম (গ) পাক্ষিক কর্ম (ঘ) মাসিক কর্ম

২১. জন্মান্তর হলো আত্মার—
(ক) মুক্তি লাভ (খ) স্বার্থ লাভ (গ) জন্ম লাভ (ঘ) পুনঃপুন জন্ম লাভ

২২. নিষ্কাম কর্মের দ্বারা—
(ক) কল্যাণ হয় (খ) পুণ্য হয় (গ) স্বর্গলাভ হয় (ঘ) মুক্তি লাভ হয়

২৩. যারা পরোপকারী তারা অন্যের—
(ক) খোঁজ রাখেন (খ) দান গ্রহণ করেন
(গ) ভালোবাসা চান (ঘ) মঙ্গল চিন্তা করেন

২৪. দেশপ্রেম গুরুত্বপূর্ণ। কেননা দেশপ্রেম মানুষকে—
(ক) মহিমান্বিত করে (খ) অহংকারী করে (গ) স্বার্থপর করে (ঘ) মেজাজি করে

২৫. সমাজে সাম্য প্রতিষ্ঠা করার ক্ষেত্রে তোমার করণীয়, সবাইকে—
(ক) সমানভাবে দেখা (খ) আপন করে ভাবা (গ) শ্রদ্ধা করা (ঘ) ভালোবাসা

২৬. একজন বৃদ্ধলোক রাস্তা পার হতে পারছে না, এ পরিস্থিতিতে তুমি কর—
(ক) একাকী আসতে বারণ করি (খ) রাস্তা পার হতে সাহায্য করি
(গ) সাবধানে রাস্তা পার হতে বলি (ঘ) দ্রুত স্থান ত্যাগ করি

২৭. জীবনে সুখ, শান্তি এবং সমৃদ্ধি লাভের জন্য তুমি কর—
(ক) পূজা (খ) ধ্যান (গ) কীর্তন (ঘ) যাগযজ্ঞ

২৮. সকলের ভালোবাসা অর্জনের জন্য তুমি কর—
(ক) সত্য কথা বলি (খ) ধর্ম পালন করি
(গ) পড়াশোনা করি (ঘ) শিষ্টাচার মেনে চলি

২৯. বিদ্যালয়ে প্রাঙ্গণে একটি গাছ ক্রমশ শুকিয়ে যাচ্ছে। গাছটি বাঁচানোর জন্যে তুমি—
(ক) ডাল কেটে দেই (খ) সার ও জল দেই
(গ) বেড়া দিয়ে রাখি (ঘ) প্রয়োজনীয় পরিচর্যা করি

Teachingbd24.com

৩০. সমবয়সিদের প্রতি তুমি প্রদর্শন কর—

(ক) শ্রদ্ধা (খ) স্নেহ (গ) করুণা (ঘ) সৌজন্য

৩১. শ্রেণিকক্ষে সকলের সাথে ভালো সম্পর্ক গড়ে তুলতে তুমি কর—

(ক) শ্রদ্ধা করি (খ) ভালোবাসি (গ) আপন করে ভাবি (ঘ) সমানভাবে দেখি

৩২. 'পবিত্রতা ধর্মের অঙ্গ' এটি বাস্তবায়নের জন্য তুমি উপাসনালয়ে প্রবেশ কর—

(ক) পা ধুয়ে (খ) নগ্ন পায়ে
(গ) দামি পোশাক পড়ে (ঘ) পরিষ্কার পোশাক পরে

৩৩. সন্ধ্যাবেলায় গৃহের মঙ্গলের জন্য তুমি কর ঈশ্বরের—

(ক) স্তব (খ) স্তুতি (গ) ধ্যান (ঘ) উপাসনা

৩৪. তুমি পরীক্ষায় ভালো ফল করতে চাও। এমতাবস্থায় তুমি কর—

(ক) নিয়মিত ধ্যান (খ) আসন অনুশীলন
(গ) যোগব্যায়াম চর্চা (ঘ) নিয়মানুবর্তিতার অভ্যাস

৩৫. বন্ধুরা মিলে সরবে ঈশ্বরের গুণগান করতে চাও। এ জন্য তোমরা কর—

(ক) জপ (খ) ধ্যান (গ) পূজা (ঘ) কীর্তন

৩৬. ভগিনী নিবেদিতার জীবনী অনুসরণে তুমি কর—

(ক) ভ্রমণ (খ) গৃহকর্ম (গ) মানবসেবা (ঘ) বয়স্কদের সেবা

৩৭. দেশপ্রেমিক হওয়ার জন্য নিচের কোন কাজটি তুমি কর—

(ক) দেশকে ভালোবাসি (খ) দেশের বই পড়ি
(গ) নিয়মিত পড়াশোনা করি (ঘ) শিক্ষকের কথা শুনি

৩৮. ছুটির একদিনে পথে হঠাৎ একজন শিক্ষকের সঙ্গে দেখা হলো। সে সময় তুমি কর—

(ক) লজ্জা পাই (খ) বিস্মিত হই (গ) সম্মান জানাই (ঘ) ভয় পেয়ে যাই

৩৯. নিজেকে একজন ভালো মানুষ হিসেবে পরিচিত করে তুলতে তুমি কর—

(ক) বড়দের শ্রদ্ধা (খ) শিশুদের স্নেহ
(গ) শিক্ষকদের সম্মান (ঘ) সকলের সাথে ভালো ব্যবহার

৪০. ইন্দ্রিয় নিয়ন্ত্রণে তুমি কর—

(ক) কম খাই (খ) লোভ সম্বরণ করি
(গ) অপরেরটা খাই না (ঘ) নিয়মিত যোগব্যায়াম করি

৪১. জীবের মধ্যে ঈশ্বর কীরূপে অবস্থান করেন?

(ক) দেবতারূপে (খ) ভ্রমররূপে (গ) মনরূপে (ঘ) আত্মারূপে

৪২. বিষ্ণু অবতার কয়টি?

(ক) আটটি (খ) নয়টি (গ) দশটি (ঘ) এগারোটি

৪৩. উপাসনা করলে—

(ক) দেহ ও মন পবিত্র হয় (খ) জনবল বাড়ে
(গ) মান-সম্মান বাড়ে (ঘ) শরীর সুস্থ হয়

৪৪. হিন্দুধর্মের মূল লক্ষ্য কী?

(ক) ভোগ (খ) ত্যাগ (গ) স্বর্গলাভ (ঘ) মোক্ষলাভ

৪৫. বেদখানা কয়খানা?

(ক) তিন (খ) চার (গ) পাঁচ (ঘ) ছয়

৪৬. পার্থকে কে উপদেশ দিয়েছিলেন?

(ক) যুধিষ্ঠির (খ) দুর্যোধন (গ) শ্রীকৃষ্ণ (ঘ) বলরাম

Teachingbd24.com

৪৭. নারদকে বলা হয়—
(ক) দেবর্ষি (খ) শ্রুতর্ষি (গ) ব্রহ্মর্ষি (ঘ) মহর্ষি

৪৮. রাক্ষসকে মারতে কে গিয়েছিলেন?
(ক) অর্জুন (খ) ভীম (গ) নকুল (ঘ) সহদেব

৪৯. যোগব্যায়াম করলে মানুষ—
(ক) ক্লান্ত হয় (খ) দুর্বল হয় (গ) স্বাস্থ্যবান হয় (ঘ) মোটা হয়

৫০. হোলি খেলা হয়—
(ক) দোলযাত্রায় (খ) নববর্ষের সময় (গ) দুর্গাপূজার সময় (ঘ) রথযাত্রার সময়

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) প্রার্থনা বলতে কী বোঝ?
(খ) বশিষ্ঠ কে ছিলেন?
(গ) 'নৃসিংহ' বলতে কী বোঝ?
(ঘ) নিরাকার ঈশ্বরকে কী বলা হয়?
(ঙ) পুরাণ পাঠের মাধ্যমে আমরা কী জানতে পারি?
(চ) পূজা-পার্বণে আল্পনা দেখে আমরা খুশি হই কেন?
(ছ) মনকে প্রশান্ত করতে কী করা উচিত?
(জ) তুমি কেন নিয়মানুবর্তী হবে?
(ঝ) আমরা ধ্যান অনুশীলন করি কেন?
(ঞ) তুমি নিয়মিত উপাসনা করবে কেন?
(ট) জীব বলতে কী বোঝ?
(ঠ) ব্রহ্ম কাকে বলে?
(ড) ঋষি-কবিরা কীসের ধারণা দিয়েছেন?
(ঢ) দেশপ্রেম মানুষের মধ্যে কী সৃষ্টি করে?
(ণ) শিষ্টাচার কাকে বলে?

৩। **(ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে যেকোনো একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) "সৃষ্টিতে স্রষ্টার আনন্দ"— কেন? পাঁচটি কারণ উল্লেখ কর। ৫
(খ) ব্রহ্মকে কখন ভগবান বলা হয়? ব্রহ্ম সম্পর্কে চারটি বাক্য লেখ। ৫
(গ) কে স্বর্গলাভ করবে? স্বর্গলাভের জন্য আমাদের করণীয় সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪ = ৫
(ঘ) শিষ্টাচার বলতে কী বোঝ? শিক্ষকের প্রতি কীভাবে শিষ্টাচার প্রদর্শন করবে? এ সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪ = ৫
(ঙ) দেশপ্রেম বলতে কী বোঝ? মাতৃভূমির প্রতি তুমি কীভাবে ভালোবাসা প্রদর্শন কর তা চারটি বাক্যে লেখ। ১+৪ = ৫
(চ) সাকার উপাসনা কী? সাকার উপাসনার চারটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ১+৪ = ৫
(ছ) নিত্যকর্ম কী? আমরা কোন নিত্যকর্ম করব? নিত্যকর্ম অনুশীলনে আমরা কী সুফল পাই? তিনটি বাক্যে উল্লেখ কর। ১+৪ = ৫
(জ) দোলযাত্রা উৎসব কখন অনুষ্ঠিত হয়? তুমি কীভাবে দোলযাত্রা উৎসব উদযাপন কর তার চারটি বাক্যে লেখ। ১+১+৩ = ৫
(ঝ) গোমুখাসনের উপকারিতা পাঁচটি বাক্যে লেখ। ১+৪ = ৫
(ঞ) 'শ্রীমদ্ভগবদ্গীতা' সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

Teachingbd24.com
https://teachingbd24.com